# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৯৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি বাড়িতে প্রবেশ করার সময় তার পরিবারের লোকদের সালাম দেয় সে ব্যক্তি মারা গেলে মহান আল্লাহ তাকে জান্নাতে প্রবেশের জামিন হন আর বেঁচে থাকলে তার ও তার রিযিকের জন্য যথেষ্ট হয়ে যান

ذِكْرُ تضمُّن اللَّهِ جَلَّ وَعَلَا دُخُولَ الْجَنَّةِ للمُسَلِّم عَلَى أَهْلِهِ عِنْدَ دُخُولِهِ عَلَيْهِمْ إِنْ مَاتَ وَكِفَايَتَهُ وَرِزْقَهُ إِنْ عَاشَ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُعَافَى الْعَابِدُ _ بِصَيْدَا _ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا صَدَقَةُ بْنُ خَالِدٍ قَالَ: حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي الْعَاتِكَةِ قَالَ: حَدَّثَنِي سُلَيْمَانُ بْنُ حَبِيبٍ الْمُحَارِبِيُّ: عَنْ أَبِي أُمَامَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (ثَلَاثَةٌ كُلُّهُمْ ضَامِنٌ عَلَى اللَّهِ إِنْ عَاشَ رُزِقَ وكُفِيَ وَإِنْ مَاتَ أَدْخَلَهُ اللَّهُ الْجَنَّةَ: مَنْ دَخَلَ بَيْتَهُ فسلَّم فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ وَمَنْ خَرَجَ إِلَى الْمَسْجِدِ فَهُوَ ضَامِنٌ عَلَى اللَّهِ وَمَنْ خَرَجَ فِي سَبِيلِ اللَّهِ فَهُوَ ضَامِنٌ عَلَى الله.)

الراوي : أَبو أُمَامَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 499 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৪৯৯. আবু উমামা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “তিন শ্রেণির মানুষের মধ্যে প্রত্যেক শ্রেণির জন্য আল্লাহর দায়িত্ব হলো তারা বেঁচে থাকলে তাদের রিযিক দেওয়া ও তাদের জন্য যথেষ্ট হয়ে যাওয়া, আর মারা গেলে আল্লাহ তাকে জান্নাতে প্রবেশ করাবেন। তারা হলেন (১) যে ব্যক্তি তার বাড়িতে প্রবেশের সময় সালাম দেয়, সে ব্যক্তি আল্লাহর জামিনে থাকে, (২) যে ব্যক্তি মাসজিদের উদ্দেশ্যে বের হয়, সে আল্লাহর জামিনে থাকে ও (৩) যে ব্যক্তি আল্লাহর রাস্তায় (জিহাদে) বের হয়, সে-ও আল্লাহর জামিনে থাকে।”[1]

قَالَ أَبُو حَاتِمٍ ـ رَضِيَ اللَّهُ عَنْهُ ـ: لَمْ يطعم محمد بن المعافى ثمانية عشر سَنَةً مِنْ طَيِّبَاتِ الدُّنْيَا شَيْئًا غَيْرَ

الْحَسْوِ عند إفطاره.

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “(হাদীসের রাবী, ইবনু হিব্বানের উস্তাদ) মুহাম্মাদ বিন আল মু‘আফা আঠারো বছর পর্যন্ত ইফতারের সময় (আটা ও পনির) হালুয়া ব্যতিত দুনিয়ার ভালো কোন জিনিস খান নি!”

## ফুটনোট

[1] আবু দাউদ: ২৪৯৪; হাকিম: ২/৭৩; সুনান বাইহাকী: ৯/১৬৬।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২২৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ উমামাহ্ বাহিলী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88963

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন